গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বারহাট্টা, নেত্রকোণা
www.barhatta.netrokona.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৭২০৯.০০০.৩৩.০০১.২২-১৪৯

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

## ১৪৩০ বাংলা সনের জন্য নৌকা/ট্রলার ঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বারহাট্টা উপজেলাধীন নিম্ন বর্ণিত নৌকা/ট্রলার ঘাটসমূহ ১৪৩০ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে বর্ণিত শর্তাবলীর ভিত্তিতে ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগনের নিকট হতে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বারহাট্টা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বারহাট্টা, সোনালী ব্যাংক, বারহাট্টা শাখা ও বারহাট্টা থানা হতে নির্ধারিত মূল্যে দরপত্র ফরম ক্রয় করা যাবে। দরপত্র ফরম নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বারহাট্টা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বারহাট্টা, পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা এবং জেলা প্রশাসক নেত্রকোণা মহোদয়ের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়া যাবে এবং ঐ দিন বেলা ৩-০০ ঘটিকায় দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

**ইজারাযোগ্য নৌকা/ট্রলার ঘাটসমূহের নাম, অবস্থান, সরকারি মূল্য, দরপত্র সিডিউল মূল্য, দরপত্র দাখিল ও দরপত্র খোলা সংক্রান্ত তথ্যঃ**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | নৌকাঘাট/ ট্রলারঘাটের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরত-যোগ্য) | পর্যায়ক্রমে দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ ও সময় | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ১ম পর্যায় | ২য় পর্যায় | ৩য় পর্যায় |
| | | | | | বিক্রয়ের শেষ তারিখঃ ১৩ মার্চ ২০২৩ ২৮ ফাল্গুন ১৪২৯ (অফিস চলাকালীন) | বিক্রয়ের শেষ তারিখঃ ২২ মার্চ ২০২৩ ০৮ চৈত্র ১৪২৯ (অফিস চলাকালীন) | বিক্রয়ের শেষ তারিখঃ ২৯ মার্চ ২০২৩ ১৫ চৈত্র ১৪২৯ (অফিস চলাকালীন) |
| | | | | | দাখিলের শেষ তারিখঃ ১৪ মার্চ ২০২৩ ২৯ ফাল্গুন ১৪২৯ ( বেলা ২.০০ টা পর্যন্ত) | দাখিলের শেষ তারিখঃ ২৩ মার্চ ২০২৩ ০৯ চৈত্র ১৪২৯ ( বেলা ২.০০ টা পর্যন্ত) | দাখিলের শেষ তারিখঃ ৩০ মার্চ ২০২৩ ১৬ চৈত্র ১৪২৯ ( বেলা ২.০০ টা পর্যন্ত) |
| ১ | বারহাট্টা | বারহাট্টা বাজার নৌকা ঘাট | ৫০,৯৪১/- | ৫০০/- | ঐ | ঐ | ঐ |
| ২ | রায়পুর | ফকিরের বাজার নৌকা ঘাট | ৯,২৫,৬৫০/- | ২,৬০০/- | ঐ | ঐ | ঐ |
| ৩ | বাউসী | দশধার বাজার নৌকাঘাট | ২,৩৫,৫৮৪/- | ১,২০০/- | ঐ | ঐ | ঐ |

বিঃ দ্রঃ ১ম পর্যায়ে কাঙ্খিত দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে, ২য় পর্যায়ে আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি থেকে উক্ত নৌকা/ট্রলার ঘাট বাদ দেয়া হয়েছে হিসেবে গণ্য হবে। পরবর্তী পর্যায়ের ডাক সমুহের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

### নৌকা ঘাট/ট্রলার ঘাট ইজারার শর্তাবলী ঃ-

১. বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩০ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য নৌকা/ট্রলার ঘাট ইজারা দেয়া হবে। আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণকে নৌকা/ট্রলারঘাট ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বারহাট্টা, নেত্রকোণা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহীতা নিয়মিত নৌকা/ট্রলার ঘাট নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জমানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যয়িত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে ।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট নৌকা/ট্রলার ঘাটের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক নৌকা/ট্রলার ঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র নৌকা/ট্রলার ঘাটের অন্য জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ের আহবানকৃত নৌকা/ট্রলার ঘাটের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও নৌকা/ট্রলার ঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে ঘাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৭. প্রত্যেক নৌকা/ট্রলার ঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮. ইজারাদার কোনক্রমেই নৌকা/ট্রলার ঘাটের অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

৯. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-( তিনশত ) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. ইজারাদার নিজ খরচে নৌকা/ট্রলার ঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১২. ইজারাদার নিজ খরচে ঘাটে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৩. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ফেরীঘাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫. নৌকা/ট্রলার ঘাটের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৬. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

26/02/2026

(এস. এম. মাজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
বারহাট্টা, নেত্রকোণা
মোবাইল: ০১৭০১৩০০৩৯৯
ইমেইলঃ unobarhatta@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৫.৭২০৯.০০০.৩৩.০০১.২১- ১৪৯ তারিখ: ১০ ফাল্গুন ১৪২৯
২৩ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। পুলিশ সুপার, নেত্রকোণা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বারহাট্টা, নেত্রকোণা ।
৪। উপজেলা--------------------------------------------------কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা।
৫। চেয়ারম্যান, -------------------------------------------------ইউনিয়ন পরিষদ(সকল) বারহাট্টা, নেত্রকোণা ।
৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক/কৃষি ব্যাংক /অগ্রণী ব্যাংক, বারাহাট্টা শাখা, বারহাট্টা, নেত্রকোণা ।
৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,------------------------------------ইউনিয়ন ভূমি অফিস, বারহাট্টা, নেত্রকোণা । তাকে সংশ্লিষ্ট নৌকাঘাট/ ট্রলারঘাট ইজারার জন্য হাটের দিন মাইকের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
৮। জনাব------------------------------------------ইজারাদার,------------------------------------ বারহাট্টা, নেত্রকোণা
৯। নোটিশ বোর্ড/অফিস কপি ।

26/02/2026

উপজেলা নির্বাহী অফিসার
বারহাট্টা, নেত্রকোণা।
মোবাইল: ০১৭০১৩০০৩৯৯
ইমেইলঃ unobarhatta@mopa.gov.bd